

গৃহের নিরাপত্তা

রক্ষায় নতুন প্রযুক্তি

নিজস্ব প্রতিনিধি— গৃহের নিরাপত্তা রক্ষায় উন্নত প্রযুক্তির নতুনতর ব্যবস্থাকায়মের কথা ঘোষণা করেছে গোল্ডরেজ সংস্থা। গৃহে প্রবেশের প্রধান দরজায় এমনই এক ডোরফোন সংযুক্ত করে গৃহস্বামীর অনুপস্থিতিকালীন আগন্তুকের ছবি, কথাবার্ত স্বয়ংক্রিয়ভাবে রেকর্ড হয়ে যাবে, এমনকী তার সঙ্গে ফোনমারফত কথাও বলতে পারবেন। দরজায় সংযুক্ত ফোনটিতে আগন্তুকের ছবি ও অন্যান্য তথ্য সংগৃহীত হয়ে যাবে। এর মূল্য চার হাজার টাকা থেকে শুরু বলে জানিয়েছেন সংস্থার পক্ষে মেহেরনোস পিথাওয়াল।